গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
www.ntrca.gov.bd

| তদবির অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে |
|---|

| মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে স্বয়ংক্রিয় পদ্ধতিতে নিয়োগ সুপারিশ করা হবে |
|---|

নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.১৯.০০০১.২৬.৩০৯

তারিখ: ১১ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

# সংশোধিত বিজ্ঞপ্তি
## ৮ম এনটিআরসিএ নিয়োগ পরীক্ষা-২০২৬
## (প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান)

এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান পদে আগ্রহী যোগ্য প্রার্থীদের নিম্নরূপ অধিদপ্তরভিত্তিক শূন্য পদে পুনরায় অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৫ মার্চ, ২০২৬ তারিখের ৩৭.০০.০০০০.০০০.০৭৩.০৮.০০০১.২৬.৮৩ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক এনটিআরসিএ এর ২৯ জানুয়ারি, ২০২৬ তারিখের ৩৭.০৫.০০০০.০০০.০১০.১৯.০০০১.২৬.১২৫ সংখ্যক স্মারকে জারিকৃত ৮ম এনটিআরসিএ নিয়োগ (প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান) পরীক্ষা-২০২৬ এর বিজ্ঞপ্তিটি এতদ্দারা বাতিল করা হলো। ইতোমধ্যে আবেদনকৃত প্রার্থীদের আবেদন ফি অনলাইন ব্যাংকিং চার্জ এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর চ্যানেল ফি কর্তন পূর্বক অনলাইন ব্যাংকিং (নগদ, বিকাশ, রকেট ইত্যাদি) মাধ্যমে ফেরত দেয়ার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

| মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | | | |
|---|---|---|---|
| ক্রম | পদের নাম | প্রতিষ্ঠান | শূন্য পদ |
| ১ | অধ্যক্ষ | স্নাতক (পাস) কলেজ | ৩৭৫ |
| ২ | উপাধ্যক্ষ | স্নাতক (পাস) কলেজ | ৪১৩ |
| ৩ | অধ্যক্ষ | উচ্চ মাধ্যমিক কলেজ | ৪০৮ |
| ৪ | অধ্যক্ষ | উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | ১৫৩ |
| ৫ | অধ্যক্ষ | চারুকলা ডিগ্রী কলেজ | ২ |
| ৬ | উপাধ্যক্ষ | চারুকলা ডিগ্রী কলেজ | ৫ |
| ৭ | অধ্যক্ষ | চারুকলা প্রি-ডিগ্রী | ১ |
| ৮ | প্রধান শিক্ষক | মাধ্যমিক বিদ্যালয় | ২৮৮১ |
| ৯ | সহ: প্রধান শিক্ষক | মাধ্যমিক বিদ্যালয় | ৩২৯৬ |
| ১০ | প্রধান শিক্ষক | নিম্নমাধ্যমিক বিদ্যালয় | ৩৭৪ |
| মোট শূন্যপদের সংখ্যা: ৭,৯০৮ টি | | | |

| কারিগরি শিক্ষা অধিদপ্তর | | | |
|---|---|---|---|
| ক্রম | পদের নাম | প্রতিষ্ঠান | শূন্য পদ |
| ১ | অধ্যক্ষ | ব্যবসায় ব্যবস্থাপনা | ৫৮ |
| ২ | অধ্যক্ষ | কৃষি | ১০ |
| ৩ | সুপার | ভোকেশনাল | ২২ |
| ৪ | সহ: সুপার | ভোকেশনাল | ২২ |
| মোট শূন্যপদের সংখ্যা: ১১২ টি | | | |

**সর্বমোট শূন্যপদের সংখ্যা:**
**(৭,৯০৮ + ১১২ + ৩,১৩১) = ১১,১৫১ টি**
**(সংখ্যা কম/বেশি হতে পারে)**

| মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | | | |
|---|---|---|---|
| ক্রম | পদের নাম | প্রতিষ্ঠান | শূন্য পদ |
| ১ | অধ্যক্ষ | কামিল | ৩৪ |
| ২ | উপাধ্যক্ষ | কামিল | ৫৩ |
| ৩ | অধ্যক্ষ | ফাজিল | ২০২ |
| ৪ | উপাধ্যক্ষ | ফাজিল | ৩৪৩ |
| ৫ | অধ্যক্ষ | আলিম | ২১৯ |
| ৬ | উপাধ্যক্ষ | আলিম | ৩৭৭ |
| ৭ | সুপার | দাখিল | ৮৯৯ |
| ৮ | সহ: সুপার | দাখিল | ১০০৪ |
| মোট শূন্যপদের সংখ্যা: ৩,১৩১ টি | | | |

**উল্লেখ্য:**

ক. প্রার্থীদের MCQ পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হবে। গৃহিত MCQ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
খ. এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান পদে নিয়োগ সুপারিশের লক্ষ্যে পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীর ইনডেক্স নম্বর থাকতে হবে।
গ. চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে।

১। **পরীক্ষার আবেদনপত্রের লিংক:**

ক. প্রার্থীগণকে http://ngi.teletalk.com.bd ওয়েবসাইটে প্রদত্ত ফরমে Online-এ আবেদন করতে হবে।
খ. প্রার্থীগণকে এ বিজ্ঞপ্তির ২.১ নং অনুচ্ছেদে উল্লেখিত পদ্ধতিতে আবেদনপত্র Online-এ পূরণপূর্বক দাখিল করতে হবে।
গ. বিজ্ঞপ্তিটি https://ntrca.gov.bd এবং http://ngi.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। **আবেদনপত্র এবং পরীক্ষার ফি জমাদানের তারিখ ও সময়:**

ক. Online-এ আবেদনপত্র পূরণ ও ফি জমা প্রদান শুরুর তারিখ: **২৮ মার্চ, ২০২৬ খ্রি.**।
খ. Online-এ আবেদনপত্র জমা প্রদানের শেষ তারিখ ও সময়: **০৪ এপ্রিল, ২০২৬ খ্রি. রাত ১১:৫৯ পর্যন্ত**।
গ. টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ফি জমা প্রদানের শেষ তারিখ ও সময়: **০৫ এপ্রিল, ২০২৬ তারিখ রাত ১১:৫৯ পর্যন্ত** ।
ঘ. **০৪ এপ্রিল, ২০২৬ খ্রি. রাত ১১:৫৯** এর মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে (অর্থাৎ **০৫ এপ্রিল, ২০২৬ তারিখ রাত ১১:৫৯** পর্যন্ত) SMS-এর মাধ্যমে (বিজ্ঞপ্তির ২.২ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন।
ঙ. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষায় না থেকে যুক্তিসঙ্গত সময় হাতে রেখে আবেদনে প্রদত্ত তথ্যাদি সম্পর্কে শতভাগ নিশ্চিত হয়ে সতর্কতার সাথে প্রার্থীকে নিজে Online-এ আবেদনপত্র পূরণ ও দাখিল করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

চ. MCQ পরীক্ষায় কৃতকার্য হলে প্রার্থীকে Online আবেদনপত্রে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালীন বোর্ডের সম্মুখে প্রদর্শন করতে হবে। কোন প্রার্থী অনলাইন আবেদন ফরম-এ প্রদত্ত তথ্য, অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ যথাযথ সনদ/প্রত্যয়নপত্র বোর্ডের সম্মুখে দাখিল করতে ব্যর্থ হলে বা কোন পদের জন্য নির্ধারিত অভিজ্ঞতা ও যোগ্যতা না থাকলে বা আবেদন ফরমে ভুল তথ্য প্রদান করলে বা কোন অযোগ্যতা বা কোন Substantive ত্রুটি ধরা পড়লে যে কোন পর্যায়ে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

২.১। **Online-এ আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি:**

ক. বিজ্ঞপ্তির ৫ নং অনুচ্ছেদে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী প্রার্থী যে পদে আবেদন করার যোগ্য এবং ইচ্ছুক ওয়েবসাইটে প্রবেশ করে সেই পদের রেডিও বাটন সিলেক্ট করে আবেদনপত্রের ফরম Open করবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী নিজ স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও সদ্য তোলা স্পষ্ট রঙ্গিন ছবি **(সাদা ব্যাকগ্রাউন্ড)** (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে সন্নিবেশ (Upload) করবেন। প্রার্থী আবেদনপত্রে যে ছবি সন্নিবেশ (Upload) করবেন কোন অবস্থাতেই **পরবর্তীতে তা পরিবর্তন করা যাবে না।**

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু MCQ পরীক্ষা, মৌখিক পরীক্ষা ও অন্যান্য সকল কার্যক্রমসহ উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগ সুপারিশ প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র দাখিল (Submit) করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। **পুনশ্চঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।** আবেদনপত্র দাখিল (Submit) করার পর কোন তথ্য সংশোধনযোগ্য নয়।

ঘ. বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের জন্য কোন প্রার্থীর কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে তিনি উক্ত পদে আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী বিদেশ হতে তার অর্জিত ডিগ্রিকে উল্লেখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোন শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি বা শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে উপস্থাপন করতে হবে। **অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

ঙ. প্রার্থী Online-এ দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টকপি সংরক্ষণ করবেন। MCQ পরীক্ষায় উত্তীর্ণ হলে ১০(ক) অনুচ্ছেদে চাহিত সনদসমূহের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন। তাছাড়া পরীক্ষা চলাকালীন অনলাইন আবেদনপত্রের একটি প্রিন্টকপি প্রার্থী ব্যক্তিগতভাবে সংরক্ষণ করবেন, যাতে সঠিকতা নিরূপণের প্রয়োজন হলে প্রার্থী তা প্রদর্শন করতে পারেন।

চ. প্রার্থী যে পদে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে যোগ্য ও ইচ্ছুক বিজ্ঞপ্তিতে উল্লেখিত সেই পদ নির্ধারণ করবেন এবং তা Online আবেদনপত্রে উল্লেখ করবেন।

ছ. Online আবেদনপত্রে **প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে যোগাযোগ করা হবে** বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে, SMS পাঠ করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করার প্রতি মনোযোগী হবার পরামর্শ প্রদান করা হচ্ছে। **প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বর পরবর্তীতে পরিবর্তন করা হবে না এবং এতদ্‌সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবে না।**

২.২। **পরীক্ষার ফি প্রদান:**

ক. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুসারে প্রার্থীর ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID এবং ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট এবং download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে প্রদত্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে **পরীক্ষার ফি বাবদ নির্ধারিত ৩৫০/- (তিন শত পঞ্চাশ) টাকা আবেদন Submit করার অনধিক ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে** জমা প্রদান করবেন।

প্রথম SMS: NTRCAH<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

প্রার্থী ফিরতি SMS এ PIN পাবেন।

দ্বিতীয় SMS: NTRCAH<space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

খ. বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও **পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত** Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

গ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

i. User ID জানা থাকলে: NTRCAH<Space>Help<Space>User<Space>User ID & send to 16222.
   Example: NTRCAH Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: NTRCAH<Space>Help<Space>PIN<Space>PIN Number & send to 16222.
   Example: NTRCAH Help PIN 12345678 & send to 16222.

৩। **নিয়োগ পরীক্ষার ধরন, নম্বর বন্টন, সময় ও তারিখ:**

ক. নিয়োগ পরীক্ষা MCQ পদ্ধতিতে নেয়া হবে। MCQ পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৮ এপ্রিল, ২০২৬ খ্রি.। MCQ পরীক্ষার স্থান ও সময়সূচি পরবর্তীতে NTRCA এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করে জানানো হবে।

খ. প্রার্থীদের ৮০ (আশি) নম্বরের MCQ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার পূর্ণ সময়: ০১ (এক) ঘণ্টা।

গ. এ পরীক্ষায় মোট ৮০ (আশি) টি MCQ প্রশ্ন থাকবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর, তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (দশমিক দুই পাঁচ) নম্বর বিয়োগ হবে।

ঘ. MCQ পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রার্থীদের উপযুক্ততা এবং পরীক্ষায় কৃতকার্যতা নির্ধারণের ক্ষেত্রে এনটিআরসিএ-এর প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঙ. MCQ পরীক্ষায় পাস নম্বর হবে মোট নম্বরের অন্যূন ৪০% (চল্লিশ শতাংশ) নম্বর।

চ. MCQ পরীক্ষার নম্বর বণ্টন:

| ক্রম | MCQ পরীক্ষার নম্বর | শিক্ষাগত যোগ্যতার সনদ | মৌখিক পরীক্ষা | মোট নম্বর | পাশ নম্বর |
|---|---|---|---|---|---|
| ০১ | ৮০ (আশি) | ১২ (বারো) | ০৮ (আট) | ১০০ (এক শত) | ৪০% (আলাদা ভাবে) |

৪। **পরীক্ষার বিষয়সমূহ:**

| ক্রম | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | কারিগরি শিক্ষা অধিদপ্তর | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর |
|---|---|---|---|
| ০১ | বাংলা | বাংলা | বাংলা |
| ০২ | ইংরেজি | ইংরেজি | ইংরেজি |
| ০৩ | আইসিটি | আইসিটি | আইসিটি |
| ০৪ | মানসিক দক্ষতা ও গাণিতিক যুক্তি | মানসিক দক্ষতা ও গাণিতিক যুক্তি | মানসিক দক্ষতা ও গাণিতিক যুক্তি |
| ০৫ | সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী) | সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী) | সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী) |
| ০৬ | প্রশাসনিক ব্যবস্থাপনা (আইন, বিধি/প্রবিধি, নীতিমালা, পরিপত্র ও আদেশসমূহ) | প্রশাসনিক ব্যবস্থাপনা (আইন, বিধি/প্রবিধি, নীতিমালা, পরিপত্র ও আদেশসমূহ) | প্রশাসনিক ব্যবস্থাপনা (আইন, বিধি/প্রবিধি, নীতিমালা, পরিপত্র ও আদেশসমূহ) |
| ০৭ | আর্থিক ব্যবস্থাপনা | আর্থিক ব্যবস্থাপনা | আর্থিক ব্যবস্থাপনা |
| ০৮ | সাধারণ শিক্ষা ব্যবস্থাপনা | কারিগরি শিক্ষা ব্যবস্থাপনা ও কারিগরি শিক্ষা সংশ্লিষ্ট মৌলিক জ্ঞান | মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাপনা, আল কুরআন, হাদীস, ফিকাহ, আরবী ভাষা ও ইসলামী শিক্ষা |

৫। **যোগ্যতা ও অভিজ্ঞতা:** সর্বশেষ জারিকৃত জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে পদের নাম, শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও ন্যূনতম অভিজ্ঞতার বিবরণ এবং অন্যান্য শর্তাবলী নিম্নে উল্লেখ করা হল (তবে চূড়ান্ত ফলাফল প্রকাশের পূর্বে সরকার কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্ত পরিবর্তন করা হলে পরিবর্তিত শর্তই এই ক্ষেত্রে প্রযোজ্য হবে):

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | প্রতিষ্ঠানের ধরণ | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা (ন্যূনতম) | বেতন গ্রেড | শূন্য পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১ | অধ্যক্ষ | স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি/সমমান পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ বা শ্রেণি/সমমান।<br><br>এসএসসি, এইচ. এস.সি ও স্নাতক পর্যায়ে ০১টির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রহণযোগ্য হবে না। | ডিগ্রি কলেজের এম.পি.ও.ভুক্ত অধ্যক্ষ<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর কলেজের উপাধ্যক্ষ পদে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যক্ষ পদে ৫ম গ্রেডে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ উচ্চ মাধ্যমিক কলেজ/ স্কুল এন্ড কলেজে প্রভাষক অথবা প্রভাষক ও জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে | গ্রেড-৪ | ৩৭৫ |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | প্রতিষ্ঠানের ধরণ | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা (ন্যূনতম) | বেতন গ্রেড | শূন্য পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। | | |
| ০২ | উপাধ্যক্ষ | স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি/সমমান<br><br>সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ/স্নাতক (সম্মান)/ স্নাতকোত্তর কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও.ভুক্ত হিসেবে কর্মরত<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ উচ্চ মাধ্যমিক কলেজ/ স্কুল এন্ড কলেজে প্রভাষক অথবা প্রভাষক ও জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৫ | ৪১৩ |
| ০৩ | অধ্যক্ষ | উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি/সমমান ডিগ্রি<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি/সমমান।<br>অথবা<br>বিএড ডিগ্রি/সমমান সহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি/ সমমান।<br><br>সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ/স্নাতক (সম্মান)/ স্নাতকোত্তর কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও.ভুক্ত হিসেবে কর্মরত<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ উচ্চ মাধ্যমিক কলেজ/ স্কুল এন্ড কলেজে প্রভাষক অথবা প্রভাষক ও জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/আলিম/ফাজিল/কামিল মাদ্রাসায় প্রভাষক (সাধারণ) অথবা প্রভাষক (সাধারণ) ও জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক (সাধারণ) পদে মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৫ | ৪০৮ |
| ০৪ | অধ্যক্ষ | উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি/সমমান<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি/সমমান।<br><br>সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও.ভুক্ত হিসেবে কর্মরত<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক কলেজ/স্কুল এন্ড কলেজে প্রভাষক অথবা প্রভাষক ও জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>এম.পি.ও.ভুক্ত হিসেবে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/আলিম/ফাজিল/কামিল মাদ্রাসায় প্রভাষক (সাধারণ) অথবা প্রভাষক | গ্রেড-৫ | ১৫৩ |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | প্রতিষ্ঠানের ধরণ | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা (ন্যূনতম) | বেতন গ্রেড | শূন্য পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | (সাধারণ) ও জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক (সাধারণ) পদে মোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>কর্মরত প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষককে অধ্যক্ষ পদে আবেদন করতে হলে, পার্শ্বে বর্ণিত ৪ নং কলামের শিক্ষাগত যোগ্যতা এবং মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী প্রধান শিক্ষক হিসেবে ০২ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী সহকারী প্রধান শিক্ষক/নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে পার্শ্বে বর্ণিত ৪ নং কলামের শিক্ষাগত যোগ্যতা এবং ইনডেক্সধারী হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ-এমপিওভুক্ত পদে সর্বমোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। | | |
| ০৫ | অধ্যক্ষ | আর্ট কলেজ (চারুকলা ডিগ্রী) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণীর এম, এফ এ ডিগ্রী<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর বি,এফ,এ (সম্মান) ডিগ্রী<br>অথবা<br>২য় শ্রেণীর এম,এফ,এ ডিগ্রী ২য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণ যোগ্য হবে। | প্রভাষক/সহকারী অধ্যাপক পদে সংশ্লিষ্ট কলেজ পর্যায়ে মোট ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৪ | ২ |
| ০৬ | উপাধ্যক্ষ | আর্ট কলেজ (চারুকলা ডিগ্রী) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণীর এম, এফ এ ডিগ্রী<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর বি,এফ,এ (সম্মান) ডিগ্রী<br>অথবা<br>২য় শ্রেণীর এম,এফ,এ ডিগ্রী ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণ যোগ্য হবে। | প্রভাষক/সহকারী অধ্যাপক পদে সংশ্লিষ্ট কলেজ পর্যায়ে মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৫ | ৫ |
| ০৭ | অধ্যক্ষ | আর্ট কলেজ (চারুকলা প্রি-ডিগ্রী) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণীর এম, এফ এ ডিগ্রী<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর বি,এফ,এ (সম্মান) ডিগ্রী<br>অথবা<br>২য় শ্রেণীর এম,এফ,এ ডিগ্রী ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণ যোগ্য হবে। | প্রভাষক/সহকারী অধ্যাপক পদে সংশ্লিষ্ট কলেজ পর্যায়ে মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৫ | ১ |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | প্রতিষ্ঠানের ধরণ | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা (ন্যূনতম) | বেতন গ্রেড | শূন্য পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০৮ | প্রধান শিক্ষক | মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বিএড ডিগ্রি/সমমান।<br><br>সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী প্রধান শিক্ষক<br>অথবা<br>মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী সহকারী প্রধান শিক্ষক/নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে ইনডেক্সধারী প্রধান শিক্ষক হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে সর্বমোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>সহকারী শিক্ষক হিসেবে এমপিওভুক্ত পদে সর্বমোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৭ | ২৮৮১ |
| ০৯ | সহকারী প্রধান শিক্ষক | মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বিএড ডিগ্রি/সমমান।<br><br>সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ/সিজিপিএ সমমান গ্রহণযোগ্য হবে না। | মাধ্যমিক/নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে ইনডেক্সধারী শিক্ষক হিসেবে এমপিওভুক্ত পদে সর্বমোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br><br>কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সাধারণ) এর পূর্বের এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভিজ্ঞতা বিধি মোতাবেক গণনাযোগ্য হবে। | গ্রেড-৮ | ৩২৯৬ |
| ১০ | প্রধান শিক্ষক | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বিএড ডিগ্রি/সমমান।<br><br>সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ/সিজিপিএ সমমান গ্রহণযোগ্য হবে না। | মাধ্যমিক/নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে ইনডেক্সধারী শিক্ষক হিসেবে এমপিওভুক্ত পদে সর্বমোট ১৮ (আঠারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br><br>কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সাধারণ) এর পূর্বের এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভিজ্ঞতা বিধি মোতাবেক গণনাযোগ্য হবে। | গ্রেড-৮ | ৩৭৪ |
| ১১ | অধ্যক্ষ | স্বতন্ত্র এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা টেকনোলজি) কলেজ/ইন্সটিটিউট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা বিএসসি ইন-টেকনিক্যাল এডুকেশন এ ২য় শ্রেণি/সমমানের সিজিপিএ।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৩ (তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমানের সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা | কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা টেকনোলজি) শিক্ষা প্রতিষ্ঠানে ইন্সট্রাক্টর/প্রভাষক অথবা সিনিয়র ইন্সট্রাক্টর/জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক অথবা ইন্সট্রাক্টর/প্রভাষক ও সিনিয়র ইন্সট্রাক্টর/জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে ইনডেক্সধারী/এমপিওভুক্ত শিক্ষক হিসেবে মোট ১৮ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>ভোকেশনাল ইনস্টিটিউটে সহকারী সুপারিনটেনডেন্ট অথবা সুপারিনটেনডেন্ট অথবা সহকারী সুপারিনটেনডেন্ট ও সুপারিনটেনডেন্ট পদে ইনডেক্সধারী/ এমপিওভুক্ত শিক্ষক হিসেবে মোট ১৮ বছরের অভিজ্ঞতা। | গ্রেড-৫ | ৫৮ |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | প্রতিষ্ঠানের ধরণ | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা (ন্যূনতম) | বেতন গ্রেড | শূন্য পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | কোন স্বীকৃত বোর্ড হতে ১ম বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন-টেকনিক্যাল এডুকেশন/ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন।<br>অথবা<br>ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারীর সমপদে প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে না। এ ক্ষেত্রে চাকরিতে প্রথম নিয়োগকালীন শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে।<br><br>সমগ্র শিক্ষা জীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/(সমমান সিজিপিএ) গ্রহণযোগ্য হবে না। | | | |
| ১২ | অধ্যক্ষ | স্বতন্ত্র ডিপ্লোমা ইন এগ্রিকালচার ইন্সটিটিউট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির বিএসসি অনার্স (কৃষি/ডিভিএম/পশু পালন/ মৎস্য/কৃষি প্রকৌশল/কৃষি অর্থনীতি/ মৃত্তিকা বিজ্ঞান)।<br>অথবা<br>ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারীর সমপদে প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে না। এ ক্ষেত্রে চাকরিতে প্রথম নিয়োগকালীন শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে। | কৃষি/মৎস ডিপ্লোমা ইনস্টিটিউটে ইন্সট্রাক্টর অথবা সিনিয়র ইন্সট্রাক্টর/চীফ ইন্সট্রাক্টর অথবা ইন্সট্রাক্টর ও সিনিয়র/চীফ ইন্সট্রাক্টর পদে ইনডেক্সধারী/এমপিওভুক্ত শিক্ষক হিসেবে মোট ১৮ বছরের অভিজ্ঞতা। | গ্রেড-৪ | ১০ |
| ১৩ | সুপারিনটেনডেন্ট | স্বতন্ত্র এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট | স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন এ ২য় শ্রেণি (সমমানের সিজিপিএ)।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে ১ম বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন ভোকেশনাল /টেকনিকাল এডুকেশন/কৃষি ডিপ্লোমা (তিন অথবা চার বছর মেয়াদী)।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে অন্যূন ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকসহ স্বীকৃত বোর্ড/NSDA হতে বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (BNQF) লেবেল-IV উত্তীর্ণ।<br>অথবা<br>ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারীর সমপদে প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত | কারিগরি/ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠানে ইনডেক্সধারী/এমপিওভুক্ত ইন্সট্রাক্টর অথবা সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর অথবা সহকারী সুপারিনটেনডেন্ট অথবা ইন্সট্রাক্টর/সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর ও সহকারী সুপারিনটেনডেন্ট পদে মোট ১৮ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>স্বীকৃত প্রতিষ্ঠান হতে BNQF লেভেল-IV উত্তীর্ণ এবং কারিগরি/ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠানে ইনডেক্সধারী/এমপিওভুক্ত সিনিয়র শিক্ষক (বিজ্ঞান) অথবা সহকারী সুপারিনটেনডেন্ট পদে মোট ১৮ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৭ | ২২ |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | প্রতিষ্ঠানের ধরণ | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা (ন্যূনতম) | বেতন গ্রেড | শূন্য পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে না। এ ক্ষেত্রে চাকরিতে প্রথম নিয়োগকালীন শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে।<br><br>সমগ্র শিক্ষা জীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/(সমমান সিজিপিএ) গ্রহণযোগ্য হবে না। | | | |
| ১৪ | সহকারী সুপারিনটেনডেন্ট | স্বতন্ত্র এসএসসি (ভোকেশনাল) ইনস্টিটিউট | স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন এ ২য় শ্রেণি (সমমানের সিজিপিএ)।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে ১ম বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন/কৃষি ডিপ্লোমা (তিন অথবা চার বছর মেয়াদী)।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে অন্যূন ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকসহ স্বীকৃত বোর্ড/ NSDA হতে বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (BNQF) লেবেল-III উত্তীর্ণ।<br>অথবা<br>ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারীর সমপদে প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে না। এ ক্ষেত্রে চাকরিতে প্রথম নিয়োগকালীন শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে।<br><br>সমগ্র শিক্ষা জীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/(সমমান সিজিপিএ) গ্রহণযোগ্য হবে না। | কারিগরি/ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠানে ইনডেক্সধারী/এমপিওভুক্ত ট্রেড ইন্সট্রাক্টর অথবা সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর অথবা ইন্সট্রাক্টর অথবা ট্রেড ইন্সট্রাক্টর ও সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর পদে মোট ১৮ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>স্বীকৃত প্রতিষ্ঠান হতে BNQF লেভেল-IV উত্তীর্ণ এবং কারিগরি/ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠানে ইনডেক্সধারী/এমপিওভুক্ত সহকারী শিক্ষক (বিজ্ঞান) অথবা সিনিয়র শিক্ষক (বিজ্ঞান) অথবা সহকারী শিক্ষক (বিজ্ঞান) ও সিনিয়র শিক্ষক (বিজ্ঞান) পদে মোট ১৮ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৮ | ২২ |
| ১৫ | অধ্যক্ষ | কামিল মাদ্রাসা (১ম-১৭শ) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি;<br>অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক | কামিল/ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/ সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br><br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৪ | ৩৪ |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | প্রতিষ্ঠানের ধরণ | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা (ন্যূনতম) | বেতন গ্রেড | শূন্য পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি। | | | |
| ১৬ | উপাধ্যক্ষ | কামিল মাদ্রাসা (১ম -১৭শ) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি;<br>অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি। | কামিল/ফাযিল মাদ্রাসার সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>কামিল মাদ্রাসার মুহাদ্দিস/মুফাসসির/ ফকিহ/আদিব পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>আলিম মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>কামিল/ফাজিল/আলিম মাদ্রাসার প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br><br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৫ | ৫৩ |
| ১৭ | অধ্যক্ষ | ফাযিল মাদ্রাসা (১ম-১৫শ) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি;<br>অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি। | কামিল/ফাযিল/আলিম মাদ্রাসার অধ্যক্ষ/ উপাধ্যক্ষ/মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/ আদিব/সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br><br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ (দুই) বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ (চার) বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৪ | ২০২ |
| ১৮ | উপাধ্যক্ষ | ফাযিল মাদ্রাসা (১ম-১৫শ) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি;<br>অথবা | কামিল/ফাযিল মাদ্রাসার মুহাদ্দিস/ মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে। | গ্রেড-৫ | ৩৪৩ |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | প্রতিষ্ঠানের ধরণ | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা (ন্যূনতম) | বেতন গ্রেড | শূন্য পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | (২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি। | অথবা<br>আলিম মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>কামিল/ফাযিল/আলিম মাদ্রাসার প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br><br>তবে, এমফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ০২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ০৪ বছর অভিজ্ঞতা শিথিলযোগ্য। | | |
| ১৯ | অধ্যক্ষ | আলিম মাদ্রাসা (১ম-১২শ) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি;<br>অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি। | কামিল/ফাযিল/আলিম মাদ্রাসার সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>আলিম মাদ্রাসার উপাধ্যক্ষ পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>কামিল মাদ্রাসার মুহাদ্দিস/মুফাসসির/ ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>কামিল/ফাযিল/আলিম মাদ্রাসার প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>দাখিল মাদ্রাসার সুপার পদে ৫ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br><br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৫ | ২১৯ |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | প্রতিষ্ঠানের ধরণ | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা (ন্যূনতম) | বেতন গ্রেড | শূন্য পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ২০ | উপাধ্যক্ষ | আলিম মাদ্রাসা (১ম-১২শ) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি;<br>অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি। | কামিল/ফাযিল/আলিম মাদ্রাসার সহকারী অধ্যাপক পদে ২ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>কামিল মাদ্রাসার মুহাদ্দিস/মুফাসসির/ ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক পদে ২ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>কামিল/ফাযিল/আলিম মাদ্রাসার প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>দাখিল মাদ্রাসার সুপার পদে ৩ বছর বা সহ-সুপার হিসাবে ৫ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৬ | ৩৭৭ |
| ২১ | সুপারিনটেনডেন্ট | দাখিল মাদ্রাসা (১ম-১০ম) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি;<br>অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | দাখিল মাদ্রাসায় সহকারী সুপারিনটেনডেন্ট হিসেবে ৩ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে।<br>অথবা<br>সহকারী মৌলভী/ইবতেদায়ি প্রধান/স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার প্রধান শিক্ষক পদে অভিজ্ঞতাসহ ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে। | গ্রেড-৭ | ৮৯৯ |
| ২২ | সহকারী সুপারিনটেনডেন্ট | দাখিল মাদ্রাসা (১ম-১০ম) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি;<br>অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে | সহকারী মৌলভী/ইবতেদায়ি প্রধান/স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার প্রধান শিক্ষক পদে অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে কমপক্ষে ১৮ বছরের চাকরিকাল। আবশ্যিকভাবে ইনডেক্সধারী হতে হবে। | গ্রেড-৮ | ১০০৪ |

| ক্রমিক নং | পদের নাম (সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে) | প্রতিষ্ঠানের ধরণ | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অধিদপ্তরভিত্তিক সর্বশেষ এমপিও নীতিমালা অনুসারে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা (ন্যূনতম) | বেতন গ্রেড | শূন্য পদ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | | | |

৬। **নিয়োগ সুপারিশ প্রক্রিয়া:**

MCQ ও মৌখিক পরীক্ষা শেষে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম ও প্রতিষ্ঠান পছন্দক্রম অনুসারে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর তত্ত্বাবধানে সফটওয়ারের সাহায্যে শতভাগ অটোমেশন/স্বয়ংক্রিয় পদ্ধতিতে নিয়োগ সুপারিশ কার্যক্রম সম্পাদন করা হবে।

৭। **প্রবেশপত্র (Admit Card):**

ক. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে যথাসময়ে SMS-এর মাধ্যমে জানানো হবে। ২.২ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি জমা হলে টেলিটক বাংলাদেশ লিঃ হতে SMS-এর মাধ্যমে প্রার্থীর মোবাইল নম্বরে User ID এবং Password প্রেরণ করা হবে। প্রেরিত User ID এবং Password ব্যবহার করে প্রার্থী তার পরীক্ষার প্রবেশপত্র যথাসময়ে Download করে নিতে পারবেন।

খ. প্রার্থীগণ পরীক্ষার প্রবেশপত্র সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষা গ্রহণের সময়ে আবশ্যিকভাবে প্রদর্শন করবেন।

৮। **ডিক্লারেশন:**

ক. প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হলে বা কোন প্রার্থী আবেদনপত্রে জ্ঞাতসারে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোন জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা প্রবেশপত্র কাটাকাটি বা পরিবর্তন করলে বা পরীক্ষার হলে মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে অসৎ পন্থা অবলম্বন করলে বা পরীক্ষার হলে দুর্ব্যবহার করলে বা প্রতারণার আশ্রয় নিলে তাকে উক্ত পরীক্ষাসহ NTRCA কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোন পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে, অধিকন্তু তার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

খ. কোন প্রার্থী সম্পর্কে অনুচ্ছেদ ৮-ক তে বর্ণিত কোন অভিযোগ পাওয়া গেলে, যথাযথ তদন্ত সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর শিক্ষক নিবন্ধন বাতিল করে প্রত্যয়নপত্র প্রত্যাহার করা হবে এবং তিনি কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পেয়ে থাকলে উক্ত নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে এবং নিয়োগ লাভের কারণে প্রাপ্ত আর্থিক সুবিধাদি ফেরতযোগ্য হবে এবং তার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করা যাবে।

গ. প্রার্থী কর্তৃক প্রদত্ত ডিক্লারেশনের প্রেক্ষিতে MCQ পরীক্ষার জন্য সাময়িকভাবে যোগ্য বিবেচনা করে প্রবেশপত্র প্রদান করা হবে।

৯। **পরীক্ষার উত্তরপত্র সংক্রান্ত গোপনীয়তা এবং পুনঃনিরীক্ষণ/পুনঃপরীক্ষণ:**

MCQ পরীক্ষার উত্তরপত্র ও মৌখিক পরীক্ষার নম্বরপত্র গোপনীয় দলিল হিসাবে বিবেচিত হবে। MCQ পরীক্ষার উত্তরপত্র ও নম্বরপত্র এবং মৌখিক পরীক্ষার নম্বরপত্র পুনঃনিরীক্ষণ বা পুনঃপরীক্ষণের কোন আবেদন গ্রহণ করা হবে না এবং এতদ্‌সংক্রান্ত কোনো তথ্য প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।

১০। **MCQ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় সনদ/ডকুমেন্টস সংক্রান্ত:**

ক. প্রয়োজনীয় সনদ/Documents:

১. মৌখিক পরীক্ষা এবং MCQ পরীক্ষার প্রবেশপত্র;
২. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূল কপি;
৩. স্নাতক (পাস/সম্মান) পর্যায়ের নম্বরপত্রের (মার্ক শিট) মূল কপি;
৪. অভিজ্ঞতার সনদপত্রের মূল কপি;
৫. সকল যোগদানপত্র ও নিয়োগপত্রের মূল কপি;
৬. এমপিওভুক্তি সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি;
৭. প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ সনদপত্রের মূল কপি;
৮. জাতীয় পরিচয়পত্রের মূল কপি।
৯. কর্তৃপক্ষ কর্তৃক চাহিত অন্য যে কোন সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন।

**খ. মৌখিক পরীক্ষার সময় ১০ (ক) অনুচ্ছেদে বর্ণিত সনদপত্রসমূহের মূলকপি প্রদর্শনে ব্যর্থ হলে প্রার্থীতা বাতিল হবে।**

১১। **মৌখিক পরীক্ষা:**

ক. MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিধি মোতাবেক প্রতি পদের সংগৃহীত/প্রাপ্ত শূন্যপদের ১:৩ অনুপাতে পদভিত্তিক MCQ পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

খ. কেবলমাত্র MCQ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় আমন্ত্রণ জানানো হবে।

গ. মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণকে বিজ্ঞপ্তির মাধ্যমে মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান অবহিত করা হবে। বিজ্ঞপ্তিতে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক নির্বাচিত প্রার্থীগণকে ২০ (বিশ) নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে (শিক্ষাগত যোগ্যতার সনদের জন্য ১২ (বারো) নম্বর এবং জ্ঞান ও প্রকাশ ক্ষমতার জন্য ০৮ (আট) নম্বর)। মৌখিক পরীক্ষার উভয় অংশে পৃথকভাবে অন্যূন ৪০% (চল্লিশ শতাংশ) নম্বর অর্জন করতে হবে। মৌখিক পরীক্ষার উভয় অংশে অন্যূন ৪০% (চল্লিশ শতাংশ) নম্বর না পেলে সংশ্লিষ্ট প্রার্থী মেধা তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার যোগ্য বিবেচিত হবেন না।

ঘ. **মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে কেবল MCQ ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম ও প্রতিষ্ঠান পছন্দক্রম অনুসারে পদভিত্তিক বিধি মোতাবেক প্রতি পদের সংগৃহীত/প্রাপ্ত শূন্যপদের চাহিদার বিপরীতে ১.০০: ১.০০ অনুপাতে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে।**

ঙ. সকল পরীক্ষায় কৃতকার্যতা নির্ধারণের ক্ষেত্রে এনটিআরসিএ-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। **সিলেবাস প্রাপ্তি:**

ক. MCQ পরীক্ষার পদভিত্তিক সিলেবাস NTRCA-এর ওয়েবসাইটের (https://ntrca.gov.bd) সিলেবাস সংক্রান্ত সেবাবক্স এবং http://ngi.teletalk.com.bd লিংকে পাওয়া যাবে।

খ. সিলেবাস অনুসারে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৩। **পরীক্ষার কেন্দ্র:**

ক. প্রবেশপত্রে উল্লেখিত পরীক্ষা কেন্দ্রে/ভেন্যুতে উপস্থিত হয়ে প্রার্থীকে পরীক্ষা দিতে হবে। **কেন্দ্র/ভেন্যু পরিবর্তনের কোন আবেদন গ্রহণ করা হবে না।**

খ. **MCQ পরীক্ষার কেন্দ্র: ঢাকা।**

গ. ঢাকা মহানগরীর নির্ধারিত ভেন্যুসমূহে MCQ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৪। **বিবিধ:**

ক. পরীক্ষার সময় পরীক্ষা কক্ষে প্রার্থীগণ কানের উপর কোন আবরণ রাখতে পারবেন না। কান খোলা রাখতে হবে।

খ. পরীক্ষার সময় পরীক্ষা কক্ষে প্রার্থীগণ গহনা/অলংকার জাতীয় কোন কিছু ব্যবহার করবেন না।

গ. পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড বা তৎসদৃশ কোন কিছু বা কোন ধরনের ইলেকট্রনিক্স সামগ্রী বহন করা যাবে না।

ঘ. যদি কোন প্রার্থী অসত্য/ভিন্নরূপ/ভুল তথ্য প্রদান করেন এবং যে কোন পর্যায়ে তা প্রমাণিত হয় তবে তার সামগ্রিক প্রার্থীতা বাতিল হবে এবং তিনি NTRCA কর্তৃক গৃহীতব্য পরীক্ষায় সকল পদে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ঙ. যদি কোন প্রার্থী জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তির সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর সময় অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

চ. অনিবার্য কারণবশতঃ পরীক্ষার তারিখ ও সময় পরিবর্তিত হলে তা যথানিয়মে এবং যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

ছ. বিজ্ঞপ্তিতে অনুল্লিখিত কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হলে এনটিআরসিএ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করবে।

জ. পরীক্ষা গ্রহণ, মেধাতালিকা প্রণয়ন ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫.০৬.২০২৬

(মোঃ আমিনুল ইসলাম)
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
এনটিআরসিএ, ঢাকা।